মঞ্জুরি নং-২১

১২৪-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
		২০২৩-২৪	২০২৪-২৫
পরিচালন ব্যয়	২০১১৯,৫৭,৫১	২২১২৩,৭২,০০	২৪৩৩৬,০৯,০০
উন্নয়ন ব্যয়	১১৬৪১,৫৫,০০	১২৮০৫,৭১,০০	১৪০৮৬,২৮,০০
মোট	**৩১৭৬১,১২,৫১**	**৩৪৯২৯,৪৩,০০**	**৩৮৪২২,৩৭,০০**
আবর্তক	২৩৫৯৫,৮৬,১৪	২৫৮৪৩,২৬,৮০	২৮১৭০,৮১,৫৩
মূলধন	৮১৬৪,৯৯,৮৭	৯০৮৫,৮৭,৭০	১০২৫১,২৩,৪৭
আর্থিক সম্পদ	২৬,৫০	২৮,৫০	৩২,০০
দায়	০	০	০
মোট	৩১৭৬১,১২,৫১	৩৪৯২৯,৪৩,০০	৩৮৪২২,৩৭,০০

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগত মান উন্নয়নের মাধ্যমে সবার জন্য প্রাথমিক, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিতকরণ।

১.২ প্রধান কার্যাবলি

১.২.১. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

১.২.২. বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন;

১.২.৩. উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির বাস্তবায়ন;

১.২.৪. প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম পরিমার্জন;

১.২.৫. প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ এবং বিতরণ; এবং

১.২.৬. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ।

২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ	• বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবংবিদ্যালয় মেরামত ও সংস্কার • ওয়াশ-ব্লকনির্মাণ ও নলকূপ স্থাপন • শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান • দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম • প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ • ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের জন্য শিক্ষা ভাতা ও শিক্ষা অনুদান প্রদান	• প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
	• সকল শিক্ষার্থীর জন্য বিনামূল্যে সময়মত পাঠ্যপুস্তক সরবরাহ	
	• অবসরপ্রাপ্ত-পদত্যাগী শিক্ষক-শিক্ষিকা ও মৃত শিক্ষক-শিক্ষিকাদের পরিবারকে কল্যাণ ট্রাস্ট হতে এককালীন আর্থিক সহায়তা প্রদান • সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন	• বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট
২. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ	• বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন • ৫ম শ্রেণির পাঠ শেষে সমাপনী পরীক্ষা গ্রহণ • পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান • প্রাথমিক পর্যায়ে আইসিটি ভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন • মা সমাবেশের আয়োজন • মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন • “এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস” প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	• প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
	• শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণ-সি.ইন.এড.এবং ডিপ.ইন.এড. এবংবিষয়ভিত্তিক প্রশিক্ষণ	• প্রাথমিক শিক্ষা অধিদপ্তর • জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
	• শিক্ষক ও প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ • প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন	• জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
৩. উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ	• ৬৪টি জেলায় ১১ থেকে ৪৫ বছর বয়সী ৪৫ লক্ষ নিরক্ষর নারী পুরুষের জন্য মৌলিক সাক্ষরতা কর্মসূচি বাস্তবায়ন। • আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন	• উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
৪. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ	• ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন	• প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: বিনা মূল্যে বই বিতরণ, উপবৃত্তি প্রদান, স্কুল ফিডিং কার্যক্রম পরিচালনা, শিক্ষাভাতা ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে দরিদ্র পরিবারের শিশুদের প্রাথমিক শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি হচ্ছে। ফলে দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটছে, যা দারিদ্র নিরসনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। শিক্ষা অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: স্কুল ফিডিং কর্মসুচি, পিইডিপি-৪ এর মাধ্যমে ৪০,০০০ চাহিদাভিত্তিক নতুন শ্রেণিকক্ষ নির্মাণ এবং প্রতিবছর ৪৫০০০ বিদ্যালয় সংস্কারের মাধ্যমে প্রায় ২ কোটি ছাত্র-ছাত্রী উপকৃত হবে। ১ কোটি ৪০ লক্ষ ছাত্র-ছাত্রীকে উপবৃত্তি প্রদান এবং প্রায় ৩০ লক্ষ ছাত্র-ছাত্রীকে বিস্কুট বিতরণ কর্মসূচির আওতাভুক্ত করা হয়েছে। যেহেতু প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মোট সুফলভোগীর অর্ধেকই ছাত্রী, তাই এসকল কর্মসূচি সরকারি সম্পদ ও সেবা প্রাপ্তি, শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তিসহ নারী উন্নয়নের সকল সূচকের উন্নয়নে প্রভূত ভূমিকা রাখছে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ৬০% মহিলা কোটা সংরক্ষণ করা হচ্ছে, যা সরাসরি নারীদের কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক মর্যাদা বৃদ্ধি ও জীবন মান উন্নয়নে ভূমিকা রাখছে।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব: উপকূলীয় অঞ্চলে নির্মিত সাইক্লোন সেন্টার কাম বিদ্যালয় দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে, যা জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত অভিযোজনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়া জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত এলাকায় এডুকেশন ইন ইমার্জেন্সি খাত হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

৩.১.২ মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে আইসিটিসহ বিশেষ করে ইংরেজি ও গণিত বিষয়ে শিক্ষকদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে শিক্ষকদের আইসিটি ও ইংরেজীতে দক্ষতা বৃদ্ধি পাচ্ছে যা তাদের পেশা জীবনের বাইরে অবসর সময়ে অতিরিক্ত আয়ের সুযোগ সৃষ্টি করছে। তাছাড়া, প্রাথমিক শিক্ষার অবকাঠামো উন্নয়নের ফলে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। এসব কর্মসূচী দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির মধ্যে অন্যতম হচ্ছে শিক্ষক প্রশিক্ষণ। বছরে গড়ে ১৫০০০ শিক্ষক ডিপিএড/সিএনএড প্রশিক্ষণ পাচ্ছেন, যার মধ্যে প্রায় ৬০% শিক্ষিকা। প্রতিবছর শিক্ষকদের আইসিটিসহ বিষয়ভিত্তিক নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে পাঠদানে শিক্ষক বিশেষ করে নারী শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। এ সকল কর্মসূচির মাধ্যমে নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি, আয়বর্ধনসহ সমাজের সকল ক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব: জলবায়ু পরিবর্তন নিয়ে প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে অধ্যায় সংযুক্ত করা আছে, যা পঠন ও অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা জলবায়ু পরিবর্তন সম্পর্কে ধারণা লাভ করছে।

৩.১.৩ উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: সাক্ষরতা কার্যক্রমের আওতায় দেশের প্রায় ৪৫ লক্ষ ১৫-৪৫ বছর বয়সী নারী-পুরুষকে সাক্ষরতা প্রদানের কার্যক্রম চলমান। এ উপানুষ্ঠানিক কার্যক্রমের মাধ্যমে ৪৫ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে মৌলিক সাক্ষরতা ও জীবন (ইতোমধ্যে ২৩ লক্ষ ৬০ হাজার সাক্ষরতা প্রদান সম্পন্ন করা হয়েছে) দক্ষতাভিত্তিক শিক্ষা প্রদান করা কার্যক্রম চলতি অর্থ বছর পর্যন্ত চলমান আছে।

নারী উন্নয়নের উপর প্রভাব: সাক্ষরতা শিক্ষা কার্যক্রমের ৪৫ লক্ষ সুফল ভোগীর অর্ধেকই মহিলা। ফলে এ কর্মসূচি নারীর অর্থনৈতিক উন্নয়নের উপর ব্যাপক প্রভাব রাখবে এবং শিক্ষা বঞ্চিত নারীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও আয়বর্ধন কর্মে নারীর অংশগ্রহণ বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব: জলবায়ু পরিবর্তনের বিষয়ের উপর ধারণা প্রদানের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব, করণীয় ও কৌশল নির্ধারণে স্বাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে।

৩.১.৪ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ:

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় ম্যানেজিং কমিটির মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে কার্যক্রম গ্রহন করা হয়েছে যেমন, স্লিপ, স্কুল মিল। স্লিপ হলো বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রম, যার সাথে স্থানীয় মানুষ জড়িত থাকে বিধায় দারিদ্র নিরসনে কিছুটা ভূমিকা রাখছে। স্কুল মিলের মাধ্যমে স্থানীয় উদ্যোক্তা সৃষ্টিতে ভূমিকা রাখছে। বিশেষ করে, স্কুল মিলের প্রয়োজনীয় উপকরণ সবজি, ডিম স্থানীয়ভাবে সংগ্রহ করা হয়, ফলে দারিদ্র নিরসনে সরাসরি ভূমিকা রাখছে।

নারী উন্নয়নের উপর প্রভাব: স্কুল ম্যানেজিং কমিটিতে একজন নারী অভিভাবক প্রতিনিধি থাকায় স্কুল পরিচালনায় নারীদের চিন্তা-চেতনার প্রতিফলন হচ্ছে। স্কুল মিলের প্রয়োজনীয় উপকরণ সবজি, ডিম স্থানীয়ভাবে সংগ্রহ করা হয়, সেক্ষেত্রে নারী অভিভাবককে অগ্রাধিকার দেয়া হয়।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব: প্রাথমিক শিক্ষা বিকেন্দ্রীকরণের ফলে জলবায়ু পরিবর্তনের নিমিত্ত সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচিতে স্থানীয় জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিত হচ্ছে।

৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
		২০২৩-২৪	২০২৪-২৫
দারিদ্র্য নিরসন	২৮৪৫৮,৯১,৪৮	৩১৬৯২,২৭,৬৭	৩৫৬৩৫,২০,৩৯
নারী উন্নয়ন	১৯৫৭৪,৬১,৯৯	২২০৬৯,০৩,২৮	২৪৫৭৩,২৫,৬৭
জলবায়ু পরিবর্তন	২৪,২৩৩,৩০০	২৬,৬৫৬,৬৩০	২৯,৩২২,২৯৩

৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
১. শিক্ষক-শিক্ষিকার দক্ষতা উন্নয়ন শিক্ষার গুণগতমান উন্নয়নে ছাত্র-শিক্ষকের অনুপাত যথাযথ পর্যায়ে (১:৩০) বজায় রাখা বাঞ্ছনীয়। বর্তমানে শিক্ষক শিক্ষার্থীর অনুপাত হচ্ছে ১:৩৪ এ অনুপাতকে কমিয়ে আনার লক্ষ্যে প্রতিবছর বিপুল সংখ্যক শিক্ষক নিয়োগ করা হচ্ছে। তবে শিক্ষক নিয়োগই একমাত্র বিষয় নয় বরং শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য প্রয়োজন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমন্ডলী। প্রাথমিক শিক্ষায় নিয়োজিত শিক্ষকদের ডিপ.ইন.এড. প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত করে শিক্ষার গুণগতমান উন্নয়নে প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ বিবেচনায়ই প্রশিক্ষণ কর্মসূচিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।	• সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ • মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ
২. নতুন বিদ্যালয় স্থাপন, বিদ্যমান অবকাঠামো সম্প্রসারণ, পুনর্নির্মাণ, মেরামত ও সংস্কার শিশু-বান্ধব অবকাঠামো শিক্ষার গুণগতমান উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখে। তাছাড়া, জলবায়ু সংবেদনশীল অবকাঠামো জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলার সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে টেকসই শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করে। ৬০ ও ৮০'র দশকে নির্মিত বিদ্যালয়গুলোর অবকাঠামোসমূহ পুনর্নির্মাণ-মেরামত ও সংস্কারের মাধ্যমে শিশুদের জন্য শিশুবান্ধব অবকাঠামো নিশ্চিতকরণ প্রয়োজন। অধিক সংখ্যক শিশুকে বিদ্যালয়ে আসার সুযোগ প্রদানের জন্য পিইডিপি-৪ এর আওতায় ৪০০০০টি শ্রেণি কক্ষ নতুন করে নির্মাণ এবং ৫০০০টি স্কুলে বাউন্ডারি ওয়াল নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, বর্তমানে এ কার্যক্রম চলমান আছে।	• সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ • মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ
৩. স্কুল ফিডিং কর্মসূচি দরিদ্র প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি, তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ এবং পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে স্কুল ফিডিং কর্মসূচি চালু করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দেশের ১০৪টি চরম দারিদ্র্য পীড়িত উপজেলার ৩০ লক্ষ ছাত্র-ছাত্রীর জন্য প্রতিদিন ৭৫ গ্রাম করে উচ্চ পুষ্টিমানসম্পন্ন বিস্কুট বিতরণের কার্যক্রম চলছে।	• সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ
৪. দরিদ্র শিক্ষার্থীদেরকে উপবৃত্তি/শিক্ষা ভাতা প্রদান দরিদ্র প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি এবং তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ করার লক্ষ্যে উপবৃত্তি এবং শিক্ষা ভাতা প্রদান করা হয়ে থাকে। এ শিক্ষা ভাতা, উপবৃত্তি প্রদানের ফলে নীট ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি এবং ঝরে পড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাবে।	• সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ
৫. সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার প্রচলন গ্রাম ও শহরের মধ্যে শিক্ষার মানের তারতম্যের মূল কারণ সরকার নিয়ন্ত্রিত প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রাক-প্রাথমিক শিক্ষার পর্যাপ্ত সুযোগ না থাকা। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন ৬৫ হাজারের বেশী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষা চালু করার মাধ্যমে প্রাথমিক শিক্ষার গুণগত মানের সমতাকরণ ও ব্যাপক উন্নয়ন ঘটানো সম্ভব হবে। এ	• সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
কারণে এ কর্মকান্ডকে অগ্রাধিকার দেয়া হয়েছে।	
৬. নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম দেশের ১৫-৪৫ বছর বয়সী ৪৫ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষর জ্ঞানসম্পন্ন করে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে এ সকল নব্য সাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীকে বিভিন্ন কর্মে দক্ষ করে তোলার জন্য কার্যক্রম গ্রহণ করা হবে। এর ফলে সুফলভোগীরা তাদের লব্ধ জ্ঞান আয়বর্ধক কর্মে প্রয়োগ করে নিজের এবং তাদের পরিবারের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখতে পারবে বিধায় এ কর্মকান্ডকে অগ্রাধিকার তালিকায় রাখা হয়েছে।	• উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ

৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৩-২৪ হতে ২০২৪-২৫)

৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
	২০২১-২২			২০২৩-২৪	২০২৪-২৫
সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	৩৪৩,০৮,৪৪	১৪৪,৬৬,১৬	২৬৭,৪৩,৮০	১১১২,৭৩,৩০	১৯৯৬,৯৬,৪৪
প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	১০৪২৯,৮১,০০	১১৩৮৩,৮৫,৫৮	১৪০২২,৫২,৮৩	১৪৪৮৪,২৮,৬০	১৪৯১৮,১৮,৭১
বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ	৮,৪০,০০	৮,০৬,৮১	৮,৯৮,৮০	১০,৫৭,২২	১০,০০,৩৯
জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ	৪৮,১৩,৭০	৪৬,৮৩,৬৬	৫১,৫০,৬৬	৫৫,৮৫,৪৫	৫৭,৩২,৮১
উপজেলা শিক্ষা অফিসসমূহ	৩১০,৫৩,০০	৩০১,৯৬,৯৪	৩২৭,৪০,১০	৩৫৮,৬৮,২০	৩৬৪,৪০,৫৫
মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ	১৬,৬৬,৬৮	১৫,৫৬,৩৮	১৬,৬৭,৬৮	১৭,০০,০০	১৭,৫০,০০
উপজেলা রিসোর্স সেন্টারসমূহ	৯৮,৯২,০০	৯৭,৬২,৩৬	১০২,৩৬,০৬	১৫১,১৪,৪০	১১৬,১৫,৬০
থানা রিসোর্স সেন্টারসমূহ	৫,৬১,০০	৫,৫৪,৭৯	৫,৮৮,০২	৭,২৬,২৪	৬,৫৪,৪৮
প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ	৯৮,২২,০০	৯৭,৪৪,৩৯	১০৩,৩৫,৮৪	১০৯,০৪,৩১	১১৫,০৪,০৫
সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ	১৪৮৬৮,৫১,০০	১৫৯৫২,০৪,৭৩	১৬৮২৬,৩৭,৯২	১৮৫৯২,৪৯,১৭	২০৭৮৮,০৯,৩৫
প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো	৭১,০৮,০০	১৫২,৯৩,৫০	১১,৮৯,৮০	১২,৮১,৯৬	১৩,৬৩,৪৭
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ	১৫,০০,০০	১৬,১৩,৫০	১৬,৭১,০০	১৭,৫৪,১৫	১৮,৫১,১৫
সর্বমোট :	**২৬৩১৩,৯৬,৮২**	**২৮২২২,৬৮,৮০**	**৩১৭৬১,১২,৫১**	**৩৪৯২৯,৪৩,০০**	**৩৮৪২২,৩৭,০০**

৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

অর্থনৈতিক গ্রুপ কোড	বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
		২০২১-২২			২০২৩-২৪	২০২৪-২৫
	আবর্তক ব্যয়					
৩১১১	নগদ মজুরি ও বেতন	১৪২৬৪,৭৩,৯৪	১৫৬৬৯,৪১,৪৪	১৬৩৭৯,১৪,৯৯	১৮১০৪,৩৩,৬৭	২০২৫৯,৮৭,৫৫
৩২১১	প্রশাসনিক ব্যয়	১০১০,৮৯,৯১	৮৫৭,৮৯,৬১	১০৩১,৩২,৪৮	১০৪৬,৫১,৭৫	১০৩৮,০৫,৮৮
৩২২১	ফি, চার্জ ও কমিশন	৭০,৩১,৭১	১৪১,৯৫,৭৭	১৭,২৩,৯৫	১৭,০৪,০৪	১৬,২৯,০৬
৩২৩১	প্রশিক্ষণ	৭৯৮,৬১,৪৯	৭৮৮,৩১,৩১	১২২২,৮১,৪৬	১০২১,৮৩,৮৩	৬৯৭,৫৬,৭৮
৩২৪৩	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	১৪,০৭,৮৭	১৩,৫৪,১৯	১৪,৪২,৯৪	১৮,৫২,৪৪	১৫,২২,৫৮
৩২৪৪	ভ্রমণ ও বদলি	৩৩,৮১,৩৭	১৮,২২,০৮	৩৬,১১,৮৯	৩৮,১৯,৯৯	৩৯,১০,২৬
৩২৫২	চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ	০	১৯,১৫,০০	২৮,৭২,০০	০	০
৩২৫৩	জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ	১,১০,১০	১,১২,০০	২,৮০,০০	৩,১৯,১৫	২,৫৫,১৫
৩২৫৪	খাদ্য সরবরাহ	০	১২৪,০০,১৩	০	০	০
৩২৫৫	মুদ্রণ ও মনিহারি	৩৬৭,৬৮,৩১	৪০২,৬৭,৮৫	৩৯৪,৮৪,২১	৩৮৭,৯২,০৪	৩৯৪,১৪,৪৭
৩২৫৬	সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী	২,২৫,৪০	২,১০,৯৭	৪,২৯,২৭	৪,০১,৩৮	৩,২৬,০৭

অর্থনৈতিক গ্রুপ কোড	বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
		২০২১-২২			২০২৩-২৪	২০২৪-২৫
৩২৫৭	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়	৬৮৪,৪৮,৩৪	৭৫৪,৩৬,৭৩	৭২৭,৭৫,৮৫	৪৫৯,৭৭,৮৩	৩৬৩,৩২,৭৮
৩২৫৮	মেরামত ও সংরক্ষণ	৭৭২,৫৯,৮২	৬৭২,২৯,৬৬	১১২০,১৯,৭৮	৯৯২,৭৯,৫৯	৪৪৯,০৩,৯৮
৩৫১২	সরকারি আর্থিক প্রতিষ্ঠানকে দেয় ভরতুকি	০	১,৩৫	০	০	০
৩৬৩১	আবর্তক অনুদান	৪৫২,৮৫,০৫	৪২৬,১০,০৪	১৭৮,৩৮,১৩	৩৪৭,৫২,২৫	৪০৫,৬৭,০০
৩৬৩২	মূলধন অনুদান	২৫,৯৬	২৫,৯৬	৪৫,৫০	৪৯,০০	৫১,৫০
৩৭২২	অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি	৩৫,৩৫,৪৪	৩৫,৩৫,৪৪	৪২,৪৫,৫১	৩৫,৩৫,০০	৩৫,৩৫,০০
৩৭৩১	চাকরি সম্পর্কীয় নগদ সামাজিক সুবিধাদি	০	০	০	৬,৫০	৬,৫০
৩৮২১	আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়	২০৩৬,২৭,৯২	১৯৯৯,১৮,৩৮	২০৩৮,৭৫,৫৬	২১৩৪,৭৫,০৭	২১৫৬,৮০,০৪
৩৯১১	সংরক্ষিত	৮৪১,৭৬,৭০	১,৫৩,১৯	৩৫৬,১২,৬২	১২৩০,৯৩,২৭	২২৯৩,৯৬,৯৩
	মোট : - আবর্তক ব্যয়	**২১৩৮৭,০৯,৩৩**	**২১৯২৭,৫১,১০**	**২৩৫৯৫,৮৬,১৪**	**২৫৮৪৩,২৬,৮০**	**২৮১৭০,৮১,৫৩**
	মূলধন ব্যয়					
৪১১১	ভবন ও স্থাপনাসমূহ	৩৯৯৭,৩২,৭৪	৫৭৮৯,০২,০০	৭৫৬৪,৭৫,৫৭	৮৬১৮,৭৫,১৬	৯৬১১,০৫,১০
৪১১২	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৯২২,১৯,২০	৪৮৫,৮৯,৫৩	৫৭২,৩২,১৫	৪৪৭,৬৩,৩৯	৬৩৪,০৮,১০
৪১১৩	অন্যান্য স্থায়ী সম্পদ	৫৫,৬৫	১,৩৫,৬৫	৯৭,১৫	১৮,১৫	২০,১৫
৪১১৪	উইপন সিস্টেম	২০	২,০০	০	০	০
৪১২১	উপকরণ ও সরবরাহ	২০	০	০	০	০
৪১৪১	ভূমি	২,৫৩,৫০	১৮,৬০,০০	২০,০১,০০	১১,৩১,০০	১,০০
৪৯১১	সংরক্ষিত	৩,৯৮,০০	৫২	৬,৯৪,০০	৮,০০,০০	৫,৮৯,১২
	মোট : - মূলধন ব্যয়	**৪৯২৬,৫৯,৪৯**	**৬২৯৪,৮৯,৭০**	**৮১৬৪,৯৯,৮৭**	**৯০৮৫,৮৭,৭০**	**১০২৫১,২৩,৪৭**
	সম্পদ					
৭২১৫	ঋণ	২৮,০০	২৮,০০	২৬,৫০	২৮,৫০	৩২,০০
	মোট : - সম্পদ	**২৮,০০**	**২৮,০০**	**২৬,৫০**	**২৮,৫০**	**৩২,০০**
	সর্বমোট :	**২৬৩১৩,৯৬,৮২**	**২৮২২২,৬৮,৮০**	**৩১৭৬১,১২,৫১**	**৩৪৯২৯,৪৩,০০**	**৩৮৪২২,৩৭,০০**

৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			২০২০-২১		২০২১-২০২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৭		৮	৯	১০
১. স্কুল ভর্তির হার (গ্রস)	১	%	১০৯.০০	১০৫.০০	১১০.০০	১০৫.৭২	১১০.৫০	১১১.০০	১১১.০০
২. নীট ভর্তির হার	১	%	৯৮.০০	৯৭.০০	৯৮.৩০	৯৭.৪২	৯৮.৮০	৯৮.৯০	৯৮.৯৫
৩. উপস্থিতির হার	১,২	%	৮৯.০০	৮৫.০০	৮৯.৫০	৮৬.৯৫	৯০.০০	৯১.০০	৯১.৫০
৪. শিক্ষা সমাপনের হার	১,২	%	৮৩.০০	৮৩.০০	৮৩.৫০	৮৫.১৫	৮৫.০০	৮৫.৫০	৮৬.০০
৫. ৫ম শ্রেণি হতে ৬ষ্ঠ শ্রেণিতে উত্তরণের হার	১,২	%	৯৭.০০	৯৭.০০	৯৭.৫০	৯১.৫৮	৯৮.০০	৯৮.৫০	৯৯.০০
৬. শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত	১,২	অনুপাত	১:৩৪	১:৩৫	১:৩৪	১:৩৫	১:৩৩	১:৩২	১:৩১
৭. সাক্ষরতার হার (১৫+)	৩	%	৭৩.০০	৭০.০০	৭৩.৫০	৭৫.২	৭৫.০০	৭৬.০০	৭৭.০০

৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** মানসম্মত প্রাথমিক ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় অঙ্গীকারবদ্ধ। জানুয়ারি মাসের ১ তারিখে সকল শিক্ষার্থীকে বিনামূল্যে চার রঙে মুদ্রিত পাঠ্যপুস্তক সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। শিশুদের পুষ্টিহীনতা ও স্বাস্থ্যঝুকি হ্রাস এবং শ্রেণিকক্ষে মনোযোগী করতে সারাদেশে মিড ডে মিল চালু করা হয়েছে। শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন ১২টি পিটিআই স্থাপন করা হয়েছে। সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ এবং আন্তর্জাতিক সাক্ষরতা দিবস অত্যন্ত সফলভাবে পালন করা হয়েছে।

৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা:

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২০-২১		২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
প্রযোজ্য নয়।										

৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সাধারণ কার্যক্রম							
১২৪০১০১ - সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়		১৩,২৭,৭২	২০,১৮,০০	১৮,৯৫,৭২	২২,১০,৪৯	২৩,৪৪,৪৮	২৪,৯৮,৯৪
মোট : সাধারণ কার্যক্রম		**১৩,২৭,৭২**	**২০,১৮,০০**	**১৮,৯৫,৭২**	**২২,১০,৪৯**	**২৩,৪৪,৪৮**	**২৪,৯৮,৯৪**
বিশেষ কার্যক্রম							
১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ	-	৩,৬২	২৮,০০	২৮,০০	২৬,৫০	২৮,৫০	৩২,০০
১২০০০১৪১১ - বাস্তবায়ন এবং মনিটরিং সেল	-	৩২,৯৪,৮০	৩৫,৩৫,৪৪	৩৫,৩৫,৪৪	৪২,৪৫,৫১	৩৫,৩৫,০০	৩৫,৩৫,০০
১২০০০১৪১২ - শিক্ষা সপ্তাহ	-	০	৪৫,০০	৪৫,০০	৫০,০০	৫৫,০০	৬০,০০
১২০০০৮৪২১ - গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম		২,৮৮	১০,০০	১০,০০	১০,০০	১১,০০	১২,০০
মোট : বিশেষ কার্যক্রম		**৩৩,০১,৩০**	**৩৬,১৮,৪৪**	**৩৬,১৮,৪৪**	**৪৩,৩২,০১**	**৩৬,২৯,৫০**	**৩৬,৩৯,০০**
সহায়তা কার্যক্রম							
১৩২০১১৬০০ - শিশু কল্যাণ ট্রাস্ট	-	৩৩,৫০,০০	৪১,২৫,০০	৩৮,৬২,০০	৪৩,০৬,০০	৪৩,৫৩,০০	৪৫,৮৩,০০
মোট : সহায়তা কার্যক্রম		**৩৩,৫০,০০**	**৪১,২৫,০০**	**৩৮,৬২,০০**	**৪৩,০৬,০০**	**৪৩,৫৩,০০**	**৪৫,৮৩,০০**
মোট : পরিচালন কার্যক্রম		**৭৯,৭৯,০২**	**৯৭,৬১,৪৪**	**৯৩,৭৬,১৬**	**১০৮,৪৮,৫০**	**১০৩,২৬,৯৮**	**১০৭,২০,৯৪**
উন্নয়ন কার্যক্রম							
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২১০০০১২৪ - প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত	-	০	১৪২,৫০,০০	০	১০০,০১,০০	৮৫০,০০,০০	১৮৮০,০০,০০
২২৪০০৩৮০০ - ডিজিটাল প্রাথমিক শিক্ষা প্রকল্প (০১/০৭/২০১৭ - ৩১/১২/২০২১) অনুমোদিত।	১-২	১৯,৪১,৮৮	১৩,০০,০০	৩,২২,০০	০	০	০
২২৪২৯৪৩০০ - প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (চতুর্থ পর্যায়)(০১/০৭/২০১৯-৩০/০৬/২০২৩) অনুমোদিত	১-৩	৯,৩৮,৬৮	৮০,০০,০০	৩৯,৪১,০০	৫০,০০,০০	১৫০,০০,০০	০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		**২৮,৮০,৫৬**	**২৩৫,৫০,০০**	**৪২,৬৩,০০**	**১৫০,০১,০০**	**১০০০,০০,০০**	**১৮৮০,০০,০০**
মোট : উন্নয়ন কার্যক্রম		**২৮,৮০,৫৬**	**২৩৫,৫০,০০**	**৪২,৬৩,০০**	**১৫০,০১,০০**	**১০০০,০০,০০**	**১৮৮০,০০,০০**
মোট :		**১০৮,৫৯,৫৮**	**৩৩৩,১১,৪৪**	**১৩৬,৩৯,১৬**	**২৫৮,৪৯,৫০**	**১১০৩,২৬,৯৮**	**১৯৮৭,২০,৯৪**

৬.২ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৬.২.১ সাম্প্রতিক অর্জন: দেশের সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষা অর্জন সহজতর করার জন্যে শ্রেণিকক্ষের শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত হ্রাস করতে ২০২০ সালে পার্বত্য জেলা ব্যতীত অন্য ৬১টি জেলায় ১৮,১৪৭ জন নতুন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। পার্বত্য জেলাগুলোতেও চাহিদা অনুযায়ী শিক্ষক নিয়োগ করা হয়েছে। শীঘ্রই আরো ৩২ হাজার ৭০০ শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। চাহিদার ভিত্তিতে বিদ্যালয়গুলোতে শ্রেণিকক্ষ নির্মাণ করা হচ্ছে। প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ ও সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি করানো এবং ঝরে পড়া রোধের লক্ষ্যে ১ কোটি ৪০ লক্ষ শিক্ষার্থীর জন্য মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে শিক্ষার্থীর মায়েদের/অভিভাবকদের হাতে উপবৃত্তির অর্থ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে এবং এ কার্যক্রম চলমান আছে। ২৯ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিং কর্মসূচিভুক্ত করা হয়েছে। প্রকল্পটির মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২১ এ সমাপ্ত হয়েছে, তবে জুন ২০২২ পর্যন্ত ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ৬ মাস মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা' (স্লিপ) কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ কার্যক্রমের আওতায় ৪টি ক্যাটাগরীতে বিদ্যালয় প্রতি ৫০ হাজার থেকে ১ লক্ষ টাকা প্রদান করা হয়। ইতোমধ্যে ৬৭টি পিটিআই এর প্রতিটিতে ২০টি কম্পিউটারসহ একটি করে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়াও বিদ্যালয়ের পাঠদান পরিবেশ উন্নয়নের লক্ষ্যে ৪৬,৮৩২টি অতিরিক্ত শ্রেণিকক্ষ, বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য ৪৭,৫৫৭টি আর্সেনিকমুক্ত টিউবওয়েল স্থাপন করা হয়েছে। এছাড়া ৪৬,৬৯৮টি ওয়াশব্লক নির্মিত হয়েছে। এসব উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের ফলে বিদ্যালয় গমনোপযোগী (৫-১০বছর) শিশুর নীট ভর্তির হার ২০১৩ সালের ৯৭.৩% হতে বৃদ্ধি পেয়ে বর্তমানে প্রায় ৯৮% এ উন্নীত হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছাত্রের অনুপাত হ্রাস পেয়ে ১:৩৪ হয়েছে এবং ছাত্র উপস্থিতির হার ৮৫% এ উন্নীত হয়েছে।

৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২০-২১		২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ	নিয়োগকৃত শিক্ষক	১	সংখ্যা (হাজার)	১৮.১৪	১৮.১৪	৩২.০	৩২	৩২.৫	৩০.০	২৫.০০
২. বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবং বিদ্যালয় মেরামত ও সংস্কার	অতিরিক্ত নির্মিত শ্রেণিকক্ষ	১	সংখ্যা (হাজার)	১২.৫	১২.০	১২.৫	১২.৫	২০.০	২৫.০	১৫.০
	মেরামত ও সংস্কারকৃত স্কুল			৪২.০	৪২.০	৪২.০	৪২.০	৫৮.০	৬৪.০	৫০.০
৩. ওয়াশ-ব্লক ও নলকূপ স্থাপন	নতুন নির্মিত ওয়াশ-ব্লক	১	সংখ্যা (হাজার)	৭.৬	৭.০	১৮.৫	১৮.০০	২৩.০	২৮.০	২০.০০
	স্থাপিত নলকূপ			৬.৬৫	৬.৫	৬.৬	৬.০০	৯.০	৯.০	৭.০০
৪. শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান	উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী	১	সংখ্যা (লক্ষ)	১৪০.০	১৩৭.০	১৪০.০	১৩০.০০	১৪০.০	১৪০.০	১৪০.০০
৫. দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম	স্কুল ফিডিং কর্মসূচির আওতাভূক্ত শিক্ষার্থী	১	সংখ্যা (লক্ষ্যে)	২৯.০	২৯.০	২৯.০	২৯.০	২৯.০	৩০.০	৩০.০০
৬. ঝরে পড়ারোধে সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের শিক্ষা ভাতা ও শিক্ষা অনুদান প্রদান	রস্ক কর্মসূচির আওতায় আনীত সুবিধাবঞ্চিত ও স্কুল বহির্ভূত শিশু	১	সংখ্যা (লক্ষ)	০.৩৫	০.৩৪	০.৩৩	.২৮	০	০	০
৭. সকলের জন্য বিনামূল্যে সময়মত পাঠ্য পুস্তক সরবরাহ	বিতরণকৃত পাঠ্য পুস্তক	১	সংখ্যা (কোটি)	১০.৫	১০.৫	১১.০০	১১.০	১১.০	১১.০	১১.০

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২০-২১		২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
৮. মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন	বিদ্যালয় পরিদর্শন	২	সংখ্যা (লক্ষ)	৩.২০	৩.২০	৩.২০	২.৫	২.৫	৩.২০	৩.২০
৯. ৫ম শ্রেণীর পাঠ শেষে সমাপনী পরীক্ষা গ্রহণ	উত্তীর্ণ শিক্ষার্থীর হার	২	শতকরা হার	৯৭.০০	৯৭.০	৯৭.০	৯৭.০	৯৭.০	৯৭.০	৯৭.০
১০. প্রাথমিক পর্যায়ে আইসিটিভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন	ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণকারী বিদ্যালয়	২	সংখ্যা হাজার	২৬.০	১০.০	১৩.০	১৩.০	৪১.০	২৪.০	১৩.০
১১. বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন	ফুটবল টুর্নামেন্ট	২	সংখ্যা	২	২	২	২	২	২	২
১২. পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান	বিদেশ হতে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা	২	সংখ্যা	০	০	৪০০০	০০	৩০০০	৬০০০	৫০০০
১৩. মা সমাবেশ আয়োজন	মা সমাবেশ	২	সংখ্যা	১৩০০০০	৮০৮০০	১৩০০০০	৫০০০০	১৩০০০০	১৩০০০০	১৩০০০০
১৪. "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস	২	সংখ্যা	১	১	১	১	১	১	১
১৫. ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন	স্লিপ বরাদ্দ	৪	সংখ্যা	৬৫৫৬৬	৬৫৫৬৬	৬৫৫৬৬	৬৫৫৬৬	৬৫৫৬৬	৬৫৫৬৬	৬৫৫৬৬

*নোটঃ যে সকল কার্যক্রমের বিপরীতে মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই সেগুলো প্রকল্পভিত্তিক কার্যক্রম এবং প্রকল্প সমাপ্তির শেষে কোন মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই।

৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সাধারণ কার্যক্রম							
১২৪০২০১ - প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	১-১৪	১২৮,৭৭,২৭	১৬৮,৪৭,০০	১৩২,২২,৫৮	১৪৩,৫৭,৯১	১৫১,৪৭,৬০	১৫৯,৮০,৭১
১২৪০২০২ - বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ	১-১৪	৫,৬৮,৮২	৮,৪০,০০	৮,০৬,৮১	৮,৯৮,৮০	১০,৫৭,২২	১০,০০,৩৯
১২৪০২০৩ - জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ	১-১৪	৪১,২৮,৬৯	৪৮,১৩,৭০	৪৬,৮৩,৬৬	৫১,৫০,৬৬	৫৫,৮৫,৪৫	৫৭,৩২,৮১
১২৪০২০৪ - উপজেলা শিক্ষা অফিসসমূহ	১-১৪	২৩৯,৪৭,৭২	৩১০,৫৩,০০	৩০১,৯৬,৯৪	৩২৭,৪০,১০	৩৫৮,৬৮,২০	৩৬৪,৪০,৫৫
১২৪০২০৫ - মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ	১-১৪	৯,৪০,৪২	১৬,৬৬,৬৮	১৫,৫৬,৩৮	১৬,৬৭,৬৮	১৭,০০,০০	১৭,৫০,০০
১২৪০২০৬ - উপজেলা রিসোর্স সেন্টারসমূহ	১-১৪	৭০,৪৩,৪২	৯৮,৯২,০০	৯৭,৬২,৩৬	১০২,৩৬,০৬	১৫১,১৪,৪০	১১৬,১৫,৬০
১২৪০২০৭ - থানা রিসোর্স সেন্টারসমূহ	১-১৪	৪,০৬,৫৫	৫,৬১,০০	৫,৫৪,৭৯	৫,৮৮,০২	৭,২৬,২৪	৬,৫৪,৪৮
১২৪০২০৮ - প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ	১-১৪	৭৯,৫৫,৬৩	৯৮,২২,০০	৯৭,৪৪,৩৯	১০৩,৩৫,৮৪	১০৯,০৪,৩১	১১৫,০৪,০৫
১২৪০২০৯ - সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ	১-১৪	১৩১৬০,৯৬,৭৩	১৪৮৬৮,৫১,০০	১৫৯৫২,০৪,৭৩	১৬৮২৬,৩৭,৯২	১৮৫৯২,৪৯,১৭	২০৭৮৮,০৯,৩৫
মোট : সাধারণ কার্যক্রম		**১৩৭৩৯,৬৫,২৫**	**১৫৬২৩,৪৬,৩৮**	**১৬৬৫৭,৩২,৬৪**	**১৭৫৮৬,১২,৯৯**	**১৯৪৫৩,৫২,৫৯**	**২১৬৩৪,৮৭,৯৪**

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
বিশেষ কার্যক্রম							
১২০০০১৪০২ - প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা	৯	৩,৭৭	৭৩,৩৮,০০	০	৭৩,৩৮,০০	৭৭,০০,০০	৭৭,০০,০০
১২০০০১৪১৩ - বিনামূল্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ	৭	৩১৩,২৬,৩২	৫৬১,৯৭,০০	৩৩০,০০,০০	৪১৪,০২,৯২	৫৫০,১০,০০	৫৭৫,১০,০০
মোট : বিশেষ কার্যক্রম		**৩১৩,৩০,০৯**	**৬৩৫,৩৫,০০**	**৩৩০,০০,০০**	**৪৮৭,৪০,৯২**	**৬২৭,১০,০০**	**৬৫২,১০,০০**
মোট : পরিচালন কার্যক্রম		**১৪০৫২,৯৫,৩৪**	**১৬২৫৮,৮১,৩৮**	**১৬৯৮৭,৩২,৬৪**	**১৮০৭৩,৫৩,৯১**	**২০০৮০,৬২,৫৯**	**২২২৮৬,৯৭,৯৪**
উন্নয়ন কার্যক্রম							
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২৪০১০৫০০ - চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (০১/০৭/২০১৬ হতে ৩১/১২/২০২২) অনুমোদিত	১,২	১৪২৭,০৫,৬৭	১৪৫০,০০,০০	১৪৭৭,১৬,০০	১৫০০,০০,০০	২০০০,০০,০০	১৭২০,০০,০০
২২৪০১০৬০০ - চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (০১/০৭/২০১৬ হতে ৩১/১২/২০২২) অনুমোদিত	১,২	১৩০৫,০৯,৭৬	৮৫০,০০,০০	১০৩৮,২৮,০০	৮০০,০০,০০	৪০০,০০,০০	০
২২৪০১১১০০ - দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি (৩য় সংশোধিত) (০১/০৭/২০১০ - ৩১/১২/২০২১) অনুমোদিত	৫	৪৫৪,৪২,৯৩	০	১৩৩,৬২,০০	০	০	০
২২৪২৩৭৯০০ - চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) (০১/০৭/২০১৮-৩০/০৬/২০২৩) অনুমোদিত	১-২	১৬৪৯,৬৮,১০	৫০৫৩,৯৮,০০	৬১৩৮,০৩,০০	৮৭৫৮,৫৭,০০	৮৯০৫,৭১,০০	১০১৮৬,২৮,০০
২২৪২৮৪৬০০ - বাংলাদেশের ৫০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কম্পিউটার ও ভাষা ল্যাব স্থাপন (১ম সংশোধিত) (০১/০১/২০১৯-৩১/১২/২০২২) অনুমোদিত	১-২	৫,৫৪	১১,৪১,০০	১১,৪১,০০	১৬,৯৪,০০	০	০
২২৪৩০১৬০০ - প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন(০১/০৩/২০১৯-৩১/১২/২০২২) অনুমোদিত	১-২	৫৭,৪৭	১৩৭,০৯,০০	৮৭,৭০,০০	৫৭,৮০,০০	০	০
২২৪৩০৫১০০ - ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ (০১/০১/২০২০ - ৩১/১২/২০২৪) অনুমোদিত	১-২	০	১০০,০০,০০	৫৫,৮৪,০০	৩০০,০০,০০	৫০০,০০,০০	৩০০,০০,০০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		**৪৮৩৬,৮৯,৪৭**	**৭৬০২,৪৮,০০**	**৮৯৪২,০৪,০০**	**১১৪৩৩,৩১,০০**	**১১৮০৫,৭১,০০**	**১২২০৬,২৮,০০**
মোট : উন্নয়ন কার্যক্রম		**৪৮৩৬,৮৯,৪৭**	**৭৬০২,৪৮,০০**	**৮৯৪২,০৪,০০**	**১১৪৩৩,৩১,০০**	**১১৮০৫,৭১,০০**	**১২২০৬,২৮,০০**
মোট :		**১৮৮৮৯,৮৪,৮১**	**২৩৮৬১,২৯,৩৮**	**২৫৯২৯,৩৬,৬৪**	**২৯৫০৬,৮৪,৯১**	**৩১৮৮৬,৩৩,৫৯**	**৩৪৪৯৩,২৫,৯৪**

৬.৩ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

৬.৩.১ সাম্প্রতিক অর্জন: উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা সম্পন্ন করে প্রাতিষ্ঠানিক শিক্ষা কেন্দ্রে ফিরিয়ে আনার লক্ষ্যে পিইডিপি ৪ এর আওতায় সেকেন্ড চান্স এডুকেশন পাইলট কর্মসূচির শিখন কার্যক্রম ঢাকা, চট্টগ্রাম, সিলেট, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ ও গাইবান্ধা এ ৬টি জেলায় চলমান রয়েছে। নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে 'মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)' শীর্ষক একটি প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ২৩ লক্ষ ৬০ হাজার ৪০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে মুজিব শতবর্ষের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২১ লক্ষ ১৫-৪৫ বছর বয়সী নিরক্ষরকে মৌলিক সাক্ষরতা কার্যক্রম চলমান রয়েছে।

৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২০-২১		২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. ৬৪ জেলায় ১১ থেকে ৪৫ বছর বয়সী নিরক্ষর নারী-পুরুষদের জন্য মৌলিক সাক্ষরতা কর্মসূচি বাস্তবায়ন	মৌলিক সাক্ষরতা লাভকারী নিরক্ষর	৩	জন (লক্ষ)	৪৪.৬০ জন	২৩.৬০ জন	৪৫ লক্ষ	৪৪.৬০ জন	০	২১ লক্ষ (৩০/০৬/২০২২ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে)।	০

৬.৩.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সাধারণ কার্যক্রম							
১২৪০৩০১ - প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো	১-৩	৭,৬১,৭৫	১০,০৮,০০	৯,৮৫,৫০	১১,৮৯,৮০	১২,৮১,৯৬	১৩,৬৩,৪৭
১২৪০৩০২ - জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ	১-৩	১২,৬৬,৯৪	১৫,০০,০০	১৬,১৩,৫০	১৬,৭১,০০	১৭,৫৪,১৫	১৮,৫১,১৫
মোট : সাধারণ কার্যক্রম		**২০,২৮,৬৯**	**২৫,০৮,০০**	**২৫,৯৯,০০**	**২৮,৬০,৮০**	**৩০,৩৬,১১**	**৩২,১৪,৬২**
মোট : পরিচালন কার্যক্রম		**২০,২৮,৬৯**	**২৫,০৮,০০**	**২৫,৯৯,০০**	**২৮,৬০,৮০**	**৩০,৩৬,১১**	**৩২,১৪,৬২**
উন্নয়ন কার্যক্রম							
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২৪০১১৫০০ - মৌলিক স্বাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) (০১/০২/২০১৪ - ৩০/০৬/২০২২) অনুমোদিত	১	১০১,০৭,৬০	৬১,০০,০০	১৪৩,০৮,০০	০	০	০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		**১০১,০৭,৬০**	**৬১,০০,০০**	**১৪৩,০৮,০০**	**০**	**০**	**০**
মোট : উন্নয়ন কার্যক্রম		**১০১,০৭,৬০**	**৬১,০০,০০**	**১৪৩,০৮,০০**	**০**	**০**	**০**
মোট :		**১২১,৩৬,২৯**	**৮৬,০৮,০০**	**১৬৯,০৭,০০**	**২৮,৬০,৮০**	**৩০,৩৬,১১**	**৩২,১৪,৬২**

৬.৪ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন অর্থবছরে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট এবং মাঠপর্যায়ে প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট সর্বমোট ৩,৪৩৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে মৌলিক, অফিস ও অর্থ ব্যবস্থাপনা, মানসম্মত প্রাথমিক শিক্ষা, কম্পিউটার প্রশিক্ষণ, বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই সময়ে ৬টি গবেষণা এবং ১টি অ্যাকশন রিসার্চ সম্পন্ন করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের ৯৮৮ জন শিক্ষককে এক বছর মেয়াদী সার্টিফিকেট ইন এডুকেশন (সি-ইন-এড) এবং ৪৫,৪৩৪ জন শিক্ষককে দেড় বছর মেয়াদী ডিপ্লোমা ইন প্রাইমারী এডুকেশন (ডিপিএড) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাধ্যতামুলক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে দেশের ১২টি স্থানে সমাজ উদ্বুদ্ধকরণমূলক কর্মশালার মাধ্যমে বিদ্যালয় ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট ৭২০ জন প্রধান শিক্ষক ও এস.এম.সির সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২০১৮ ও ২০১৯ সনের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্র ১০০% বাস্তবায়ন করা হয়েছে। ২০২০ সনের জানুয়ারি মাসে দেশের মোট ৬৭টি পিটিআইতে (জানুয়ারি/২১ হতে জুন/২০২২) মোট ১১,০০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদাণের লক্ষ্যে ডিপিএড কোর্সের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ৪৬টি পিটিআইতে ডাবল শিফট এবং ২০টি পিটিআইতে এক শিফট চালু রয়েছে। এছাড়া ৭টি পিটিআইতে ১ বছর মেয়াদী সি-ইন-এড প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২০-২১		২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. শিক্ষক ও প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ	প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচরী	২	জন (হাজার)	২.৪৬	১.০	২.৫	১.০৫	১.২	১.৩	১.৩
২. শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণ/সি.ইন.এড প্রশিক্ষণ/পিপিএড প্রশিক্ষণ/বিষয়ভিত্তিক প্রশিক্ষণ	মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক	২	জন (হাজার)	-	-	-	-	-	-	-
	সি.ইন.এড প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক			০.২৯৬	০.৩৫৭	০.৬০০	০.৩৪৮	০.০০০	০.০০	০.০০
	ডিপিএড প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক			১৯.৩০	১৯.১০	২১.৮০	১৮.৬০	১১.০০	১০.০০	১০.০০

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২০-২১		২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
৩. বিদ্যালয় ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষষ	প্রশিক্ষণপ্রাপ্ত এস.এম.সি সদস্য	২	জন (হাজার)	০.২০০	০.২০০	০.২৮৮	০.০০	০.৪৮০	০.৪৮০	০.৪৮০
৪. প্রাথমিক সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্র উন্নয়ন	যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্র উন্নয়ন	২	শতকরা (%)	১০০	১০০	১০০	১০০	১০০	১০০	১০০

নোট: কার্যক্রম নং-২, শিক্ষকদের কোন মৌলিক প্রশিক্ষক প্রদান করা হয় না শুধুমাত্র পিটিআই এর মাধ্যমে সিইনএড এবং ডিপিএড প্রশিক্ষণ প্রদান করা হয়। শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি) হতে প্রদান করা হয়।

৬.৪.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সহায়তা কার্যক্রম							
১৩১০০৪১০০ - জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি	১-৩	৯,০০,০০	৯,৯৭,০০	৮,২৭,০০	৮,৯৪,৩০	৯,৪৬,৩২	৯,৭৫,৫০
মোট : সহায়তা কার্যক্রম		**৯,০০,০০**	**৯,৯৭,০০**	**৮,২৭,০০**	**৮,৯৪,৩০**	**৯,৪৬,৩২**	**৯,৭৫,৫০**
মোট : পরিচালন কার্যক্রম		**৯,০০,০০**	**৯,৯৭,০০**	**৮,২৭,০০**	**৮,৯৪,৩০**	**৯,৪৬,৩২**	**৯,৭৫,৫০**
মোট :		**৯,০০,০০**	**৯,৯৭,০০**	**৮,২৭,০০**	**৮,৯৪,৩০**	**৯,৪৬,৩২**	**৯,৭৫,৫০**

৬.৫ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট কর্তৃক বর্তমান অর্থবছরে ৪৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে এবং ০৫টি উপজেলা শিক্ষা অফিস পরিদর্শন করা হয়েছে।

৬.৫.২ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন:

কার্যক্রম	**ফলাফল নির্দেশক**	**সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক**	**পরিমাপের একক**	**সংশোধিত লক্ষ্যমাত্রা**	**প্রকৃত অর্জন**	**লক্ষ্যমাত্রা**	**সংশোধিত লক্ষ্যমাত্রা**	**মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা**		
				২০২০-২১		**২০২১-২২**		**২০২২-২৩**	**২০২৩-২৪**	**২০২৪-২৫**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
প্রযোজ্য নয়।										

৬.৫.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২১-২২		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
প্রযোজ্য নয়।							